



অন্তর্বর্তী দায়িত্ব শেষে নিজ কর্মস্থলে ফিরলেন ড. ইউনুস



সংগৃহীত ছবি

১৮ মাস অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার দায়িত্ব পালন শেষে নিজ কর্মপরিসরে ফিরেছেন নোবেলজয়ী অর্থনীতিবিদ মুহাম্মদ ইউনুস।
রোববার (২২ ফেব্রুয়ারি) তিনি ঢাকার মিরপুরের টেলিকম ভবনে অবস্থিত ইউনুস সেন্টারে অফিস করেন। সেখানে পৌঁছালে কর্মকর্তা-কর্মচারীরা তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান।
ড. ইউনুস সবার সঙ্গে কুশল বিনিময়ের পর গ্রামীণ সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধি, ইউনুস সেন্টারের ব্যবস্থাপনা পরিচালক ও উপদেষ্টাদের সঙ্গে বৈঠকে বসেন।
ইউনুস সেন্টার জানিয়েছে, চলতি মাসের শেষ দিকে তিনি গুলশানের নিজ বাসভবনে ফেরার পরিকল্পনা করছেন।